

১০০০০(দশ হাজার) পিস ইয়াবাসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার



মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,
চট্টগ্রাম বিভাগীয় গোয়েন্দা
কার্যালয় গতকাল ২৪/০৭/২০১৬
তারিখ বিভাগীয় সহকারী
পরিচালক এর নেতৃত্বে একটি
রেইডিং পার্টি নগরীর চান্দগাঁও
থানাধীন বহদারহাট বাস টার্মিনাল

এলাকায় অভিযান পরিচালনা করে ১০,০০০(দশ হাজার) পিস ইয়াবা ট্যাবলেটসহ মোঃ হাকিম
(প্রকাশ সুমন), পিতা- মোঃ নুরুল নবী, সাং- বড়লিয়া, থানা- পটিয়া, জেলা-চট্টগ্রামকে গ্রেফতার
করা হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায়, সে ইয়াবা পাচার সিন্ডিকেটের সক্রিয় সদস্য। তার
বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, চট্টগ্রাম কর্তৃক চান্দগাঁও থানায়
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ এর ১৯(১) এর ৯(খ) ধারায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়
(মামলা নং-২৫, তারিখঃ ২৪/০৭/২০১৬)। মামলার তদন্ত কার্যক্রম অব্যাহত আছে।